

## উসূলে ফিক্কহ (ফিক্কহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ আমর বা নির্দেশ (الأمر) রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

সংজ্ঞা

## الأمر। আমর এর সংজ্ঞা:

الأمر قول يتضمن طلب الفعل على سبيل الاستعلاء

নির্দেশ দাতা নিজেকে উর্দ্ধতন মনে করে কোন কাজ সম্পন্ন করার দাবীকে অন্তর্ভুক্ত করে এমন বক্তব্যই হচ্ছে (নির্দেশ)।

সংজ্ঞা বিশ্লেষণ:

আমাদের ভাষ্য: قول বিজ্ব্য) শব্দটির মাধ্যমে ইশারা-ইঙ্গিত সূচক শব্দ বিলুপ্ত হয়েছে। তাই ইশারা দ্বারা কোন নির্দেশ করা হলেও তা أمر হিসাবে গণ্য হবে না। আর طلب الفعل (কোন কাজ সম্পন্ন করার দাবী) এ অংশ দ্বারা দিষেধ সূচক শব্দ বিলুপ্ত হয়েছে। কেননা, نهي নিষেধ সূচক শব্দের মাধ্যমে কাজ না করা দাবী পেশ করা হয়। আর الفعل (কোন কাজ সম্পন্ন করা) এ শব্দ দ্বারা উদ্দেশ্যে হলো কাজটির অস্তিত্ব প্রদান করা। তাই 'আদিষ্ট কথা' এর অন্তর্ভূক্ত হবে। সংজ্ঞায় على سبيل الاستعلاء (নিজেকে উর্দ্ধতন মনে করে) এ অংশটুকুর মাধ্যমে (সহপাঠী ও সমবয়সীদের পারস্পারিক চাওয়া), দু'আ প্রভৃতি অর্থ যা أمر নির্দেশ সূচক) শব্দে 'ইঙ্গিত সূচক' শব্দের মাধ্যমে পাওয়া যায় তা أمر হতে বিলুপ্ত হয়েছে।[1]

## ফুটনোট

[1]. বন্ধু-বান্ধব, সহপাঠীদের কাছে কোন জিনিস চাওয়া। যেমন: আমাকে একটি কলম দাও। দু'আর সময় চাওয়া। যেমন: হে আল্লাহ আমাকে ক্ষমা করো। যেহেতু এসব শব্দ ব্যবহার করতঃ বক্তা নিজেকে উর্দ্ধতন মনে করে না। তাই এসব আমরের ছীগায় চাওয়া অর্থ থাকলেও তা আমর হিসাবে গণ্য হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9439

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন